গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী।

তারিখ : ০১/০১/২০১৯খ্রি.

**বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের ডিগ্রী-১ম বর্ষ (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ) স্নাতক (পাস) কোর্সের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online- এ সম্পূর্ণ হবে। অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ফরমের সাথে রেজিঃ কার্ড ও প্রবেশ পত্রের ফটোকপি জমা দিতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থীদেরকে প্রদত্ত তারিখের মধ্যে কলেজের অফিসে এম,আই,সি আর পে-অর্ডার এর ফি সহ আবেদন ফরম জমা দেওয়ার নির্দেশ দেয়া হল।

**আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :**

| ক্রমিক নং | বিভাগ | ফরম পূরণ ও জমাদানের তারিখ |
|---|---|---|
| ১ | বি.এস.এস (পাস) | ১০/০১/২০১৯ |
| ২ | বি.বি.এস (পাস) | ১৩/০১/২০১৯ |
| ৩ | বি.এ (পাস),বি.এস.সি (পাস) | ১৪/০১/২০১৯ |
| ৪ | সার্টিফিকেট কোর্স ,প্রাইভেট (পাস) | ১৫/০১/২০১৯ |

**এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহের নিয়ম :**

সোনালী ব্যাংক, ফেনী শাখা থেকে **অধ্যক্ষ ,ফেনী সরকারি কলেজ** এর নামে এম,আই,সি,আর পে-অর্ডার সংগ্রহ করতে হবে।
**বিশেষ দ্রষ্টব্য ঃ- এখানে উল্লেখ্য যে , পৌর এলাকার বাহিরে অন্য কোন ব্যাংক থেকে পে-অর্ডার সংগ্রহ করা হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার অংকের সমপরিমাণ পে-অর্ডার সংগ্রহ করা না হলে অথবা অধ্যক্ষ ,ফেনী সরকারি কলেজ এই ঠিকানা ব্যতিরেকে অন্য কোন নামে পে-অর্ডার সংগ্রহ করা হলে তা গ্রহণ করা হবে না।**

২০১৮ সালের ডিগ্রী (পাস) কোর্সে ১ম বর্ষ নিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ : বি.এ/ বি.এস.এস/ বি.এস সি/ বি.বি.এস (পাস) ---১৩০০/-
২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ : বি.এ/বি.এস.এস/বি.এসসি/বি.বি.এস(পাস)--১৬০০/-
২০১৮ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ : বি.এ/ বি.এস.এস/ বি.বি.এস (পাস) ----১৫০০/-
২০১৫,২০১৬ ও ২০১৭ সালের প্রাইভেট অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ : বি.এ/ বি.এস.এস/ বি.বি.এস (পাস) ---১৮০০/-
২০১৮ সালের সার্টিফিকেট কোর্স নিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ : সার্টিফিকেট কোর্স --১০০০/-
২০১৬ ও ২০১৭ সালের সার্টিফিকেট কোর্স অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ : সার্টিফিকেট কোর্স --১৩০০/-

**মানউন্নয়ন ও অকৃতকার্য পরীক্ষার্থীদের পরীক্ষার ফি নিম্নরূপ**

| ০১ বিষয় | ০২ বিষয় | ০৩ বিষয় | ০৪ বিষয় | ০৫ বিষয় | ০৬ বিষয় | ০৭ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| ১০০০/ | ১১০০/ | ১২০০/ | ১৩০০/ | ১৪০০/ | ১৫০০/ | ১৬০০/ |

৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ
ক) ডিগ্রী পাস কোর্স **১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর)** ঃ

i) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
ii) ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য **(Not Promoted)** হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
iii) ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
iv) ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ **(Promoted- C)** হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।
v) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে ''স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
vi) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স **১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা** ঃ

i) ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে **C** ও **D** গ্রেড পেয়েছে তারা **C** ও **D** গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে **F** গ্রেড প্রাপ্ত পত্রে **C** বা **D** গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০১৮ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
ii) ২০১৬ ও ২০১৭ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য **(Not Promoted)** হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
iii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nubd.info/degree-pass)** এ গিয়ে **Apply to online form Fillup (For Student)**-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।
খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।
গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।
ঘ) রেজিস্ট্রেশন কার্ডের ০১ (এক) কপি ফটোকপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

১-১-১৯
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।
০১/০১/২০১৯